গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

২৫ ভাদ্র ১৪৩১

নং-২২.০২.০০০০.০০৭.৯৯.০০১.১১.২২- ৪৬৪ তারিখঃ----------------------------------

০৯ সেপ্টেম্বর ২০২৪

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ এবং পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্য রক্ষায় সরকারের গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধ করার (Phase out) লক্ষ্যে, 'কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১' এর বিধি-৯ এর আলোকে সরকার কর্তৃক নির্ধারিত সিঙ্গেল ইউজ প্লাস্টিক এর তালিকা সংক্রান্ত প্রজ্ঞাপন ২৮ আগস্ট ২০২৪ তারিখ জারি হয়েছে। এ প্রজ্ঞাপন যথাযথভাবে পরিপালন/বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত সকল উইং/বিভাগ/অঞ্চল/মহানগর/ গবেষণাগার/জেলা কার্যালয়কে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

০৯.০৯.২০২৪

মোঃ আব্দুল্লাহ আল মাসউদ
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২২২২২১৮৩৯৭

**অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, পরিবেশ অধিদপ্তর,সদর দপ্তর, ঢাকা।

০২। পরিচালক (প্রশাসন/পরিকল্পনা/পরিবেশগত ছাড়পত্র/বায়ুমান ব্যবস্থাপনা/জলবায়ু পরিবর্তন/এনফোর্সমেন্ট /আইন/আইটি/প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা/বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা/ঢাকা অঞ্চল/ঢাকা মহানগর/ঢাকা গবেষণাগার/চট্টগ্রাম অঞ্চল/চট্টগ্রাম মহানগর/ চট্টগ্রাম গবেষণাগার/ খুলনা/বগুড়া/সিলেট/ বরিশাল/ময়মনসিংহ/ রংপুর/কক্সবাজার) পরিবেশ অধিদপ্তর।

০৩। উপপরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল জেলা), পরিবেশ অধিদপ্তর।

০৪। সহকারী পরিচালক, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, পরিবেশ অধিদপ্তর। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৫। অফিস কপি।

৩৫

**(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ-৩ শাখা
www.moef.gov.bd

নম্বর-২২.০০.০০০০.০৭৪.৯৯.০০২.২৪.২০৪

তারিখ : ১৩ ভাদ্র ১৪৩১ / ২৮ আগস্ট ২০২৪

প্রজ্ঞাপন

দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং দ্রুত নগরায়ণের ফলে প্লাস্টিক দূষণ, বিশেষ করে সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রী হইতে সৃষ্ট দূষণ মারাত্মক আকার ধারণ করিয়াছে। পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ এবং পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্য রক্ষায় সরকারের গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধ করিবার (Phase out) লক্ষ্যে 'কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১' এর বিধি ৯। ব্যাখ্যা।-/১৭ এর আলোকে সরকার নিম্নোক্ত তালিকাভুক্ত বস্তু/সামগ্রী/পদার্থকে 'সিঙ্গেল ইউজ প্লাস্টিক' হিসেবে নির্ধারণ করিল :

| | |
|---|---|
| ১ | স্ট্র (Straw) |
| ২ | স্টারার (Stirrer) |
| ৩ | একবার ব্যবহারযোগ্য তৈজসপত্র/কার্টলারি<br>(One-time utensils/cutlery (e.g. cups, plates, trays, spoon, fork, etc.) |
| ৪ | বেলুন, আইসক্রিম বা ললিপপের সাথে ব্যবহৃত প্লাস্টিকের কাঠি/লাঠি<br>(Plastic sticks e.g. balloon sticks, ice-cream/lollypop sticks) |
| ৫ | প্লাস্টিক ব্যানার (Plastic banner) |
| ৬ | পোস্টারের প্লাস্টিক মোড়ক<br>(Plastic covers on any poster) |
| ৭ | বিভিন্ন পণ্যের একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের মিনি প্যাকেট/সৌখিন ধারক<br>(Sachets, Pouches) |
| ৮ | চকলেট এবং ললিপপের প্লাস্টিক মোড়ক<br>(Lollipop covers, Chocolate covers, etc) |
| ৯ | স্টাইরোফোমের খাবার মোড়ক/ধারক<br>(Styrofoam food packaging e.g. biryani packet, etc.) |
| ১০ | পাতলা প্লাস্টিকের আবরণযুক্ত ফাস্ট ফুডের মোড়ক<br>(Thin Plastic films on fast food packaging) |
| ১১ | প্লাস্টিকের দাওয়াত কার্ড, দাওয়াত কার্ড এবং প্রচারণা সামগ্রীর উপর ব্যবহৃত থার্মাল ল্যামিনেশন<br>(Plastic invitation card, thermal lamination on invitation card/advertising products) |
| ১২ | পাতলা প্লাস্টিক আবরণযুক্ত সিগারেটের প্যাকেট/টিস্যু পেপার/টয়েলেট রোল/সাবানের মোড়ক<br>(Thin plastic cover of cigarette pack/tissue paper/toilet roll/soap) |
| ১৩ | পলিইথাইলিন এবং পলিপ্রপাইলিন বা মিশ্রণ দ্বারা তৈরি কোনো শপিং ব্যাগ/ঠোঙ্গা/ধারক<br>(Shopping bag/carry bag manufactured from Polyethylene or Polypropylene or mix) |
| ১৪ | মেলামাইন ফোম স্পঞ্জ<br>(Melamine foam sponges-Used for household cleaning) |
| ১৫ | যেকোনো পণ্যের একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের প্যাকেজিং<br>(Single use plastic packaging of any products) |
| ১৬ | সিগারেট ফিল্টার<br>(Cigarette filter) |
| ১৭ | প্লাস্টিকের বোতল এবং ক্যাপ<br>(Plastic bottles, Caps) |

২। সরকার উক্ত তালিকা সময়ে সময়ে সংশোধন বা পরিবর্তন করিতে পারিবে।

৩। এতৎসংক্রান্ত এ মন্ত্রণালয়ের গত ৩০ জুন ২০২৪ তারিখে ২২.০০.০০০০.০৭৪.৯৯.০০২.২৪-১৬২ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল করা হইল।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৯/০৮/২০২৪

ড. মোঃ ফয়সাল আবেদীন খান
উপসচিব

১৩ ভাদ্র ১৪৩১
তারিখ : ---------------
২৮ আগস্ট ২০২৪

নম্বর-২২.০০.০০০০.০৭৪.৯৯.০০২.২৪.২০৪

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
০৩। সিনিয়র সচিব/সচিব (সকল), ..............................................................মন্ত্রণালয়/বিভাগ।
০৪। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (পরিবেশ অনুবিভাগ), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
০৬। যুগ্মসচিব (পরিবেশ-২), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
০৭। উপদেষ্টার একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
০৮। উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ এবং গেজেটের ১০০ (একশত) কপি প্রেরণের অনুরোধসহ]।
০৯। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।

২৮/০৮/২০২৪

ড. মোঃ ফয়সাল আবেদীন খান
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ শাখা-১
www.moef.gov.bd

পরিবেশ অধিদপ্তর সদর দপ্তর
৪০৫২ গৃহীত
নং......
স্বাক্ষর......
তারিখ......

স্মারক নং- ২২.০০.০০০০.০৭৫.১৬.০০৫.২৪-৩৭৮

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩১
২৯ আগস্ট ২০২৪

## অফিস আদেশ

দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও দ্রুত নগরায়নের ফলে প্লাস্টিক দূষণ, বিশেষ করে সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রী হতে সৃষ্ট দূষণ মারাত্মক আকার ধারণ করেছে। পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ এবং পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্য রক্ষায় সরকারের গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধ করার (Phase out) লক্ষ্যে 'কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১' এর বিধি-৯ এর আলোকে সরকার কর্তৃক নির্ধারিত সিঙ্গেল ইউজ প্লাস্টিক এর তালিকা সংক্রান্ত প্রজ্ঞাপন ২৮ আগস্ট ২০২৪ তারিখ জারি করা হয়েছে (কপি সংযুক্ত)। এ প্রজ্ঞাপন মোতাবেক পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে ব্যক্তিগত ও দাপ্তরিক পর্যায়ে **'সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার বন্ধ ঘোষণা'** করা হলো।

২। এ প্রেক্ষাপটে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারিগণকে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হলো:

(ক) প্লাস্টিকের ফাইল, ফোল্ডারের পরিবর্তে কাগজ বা পরিবেশবান্ধব অন্যান্য সামগ্রীর তৈরি ফাইল ও ফোল্ডার ব্যবহার করা;
(খ) প্লাস্টিক ব্যাগের পরিবর্তে কটন/জুট ফেব্রিকের ব্যাগ ব্যবহার করা;
(গ) প্লাস্টিকের পানির বোতলের পরিবর্তে কাঁচের বোতল ও কাঁচের গ্লাস ব্যবহার করা;
(ঘ) প্লাস্টিকের ব্যানারের পরিবর্তে কটন ফেব্রিক, জুট ফেব্রিক বা বায়োডিগ্রেডেবল উপাদানে তৈরি ব্যানার ব্যবহার করা;
(ঙ) দাওয়াত পত্র, ভিজিটিং কার্ড ও বিভিন্ন ধরণের প্রচার পত্রে প্লাস্টিকের লেমিনেটেড পরিহার করা;
(চ) বিভিন্ন সভা/সেমিনারে সরবরাহকৃত খাবারের প্যাকেট যেন কাগজের হয়/পরিবেশ বান্ধব হয়, তা নিশ্চিত করা;
(ছ) একবার ব্যবহার্য প্লাস্টিকের প্লেট, গ্লাস, কাপ, স্ট্র, কাটলারিসহ সকল ধরনের পণ্য পরিহার করা;
(জ) প্লাস্টিকের কলমের পরিবর্তে পেনসিল/কাগজের কলম ব্যবহার করা;
(ঝ) বার্ষিক প্রতিবেদনসহ সকল ধরণের প্রকাশনায় লেমিনেটেড মোড়ক ও প্লাস্টিকের ব্যবহার পরিহার করা;
(ঞ) ফুলের তোড়া (Flower Bouquet)-তে প্লাস্টিকের ব্যবহার বন্ধ করা।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৯.০৮.২০২৪

সংযুক্তি: ০১ (পাতা) বর্ণনামতে

(সিদ্ধার্থ শংকর কুন্ডু)
উপসচিব
ফোন নং- ৫৫১০০২৬০
ই-মেইল: envpc1@moef.gov.bd

বিতরণ:

মন্ত্রণালয়

১. অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. উপসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. ব্যক্তিগত কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সকল কর্মচারী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দপ্তর/সংস্থা

১. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, বনশিল্প ভবন,৭৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৩. প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, এম এ কে খলিল সড়ক, পশ্চিম পাহাড়, বিএফআরআই ক্যাম্পাস, ষোলশহর, চট্টগ্রাম।
৫. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, ১০১, মহাখালি, ঢাকা-১২১২।
৬. পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, চিড়িয়াখানা রোড, মিরপুর-১, ঢাকা-১২১৬।
৭. পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, এম এ কে খলিল সড়ক, বিএফআরআই ক্যাম্পাস, ষোলশহর, চট্টগ্রাম।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিস্টেম এনালিষ্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৪। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্স ইঞ্জিনিয়ার, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।